গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd

বিজ্ঞপ্তি নং-দিসক/দিনাজ/একা./২০১৭/স্নাতক(পাস)(প্রাঃ)রেজি.-১৭/...

তারিখ: ০১/০৬/২০১৭ খ্রি.

২০১৭ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০৬(১০১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/প্রাইভেট/২০০১/১৭৩৬ তারিখ: ২৯/০৫/২০১৭ মোতাবেক ২০১৭ সালের স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার তারিখ : ০১/০৬/২০১৭ খ্রি.
প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার শেষ তারিখ : ০৫/০৭/২০১৭ খ্রি.

আবেদনের নিয়মাবলি :

১। (ক) বাংলাদেশে বসবাসকারি যে সকল প্রার্থী ২০১৩ সাল বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে অথবা জি. সি.ই 'ও' লেবেল পরীক্ষায় কমপক্ষে ০৩ (তিন)টি বিষয়ে এবং 'এ' লেবেল পরীক্ষায় কমপক্ষে ০২ (দুই)টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থী ২০১৬ সালে অনুষ্ঠিতব্য ডিগ্রি (পাস)(বি.এ/বি.এস.এস./বি.বি.এস.) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(খ) যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে ২০১৩ সাল বা তৎপূর্বে আলিম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

(গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড হতে আলিম পরীক্ষায় উত্তীর্ণ কোন পরীক্ষার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(ঘ) স্নাতক ডিগ্রিধারী যেকোন ছাত্র/ছাত্রী যেসকল বিষয় নিয়ে ডিগ্রি (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সেসব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যেকোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোর্স এন্ড কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে।

বিষয়সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজি (ঐচ্ছিক), আরবি, দর্শন, ইসলাম শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।

(ঙ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষা উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

(চ) প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদনপত্রে যেসকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সেসকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।

(ছ) যেসকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সেসকল বিষয়ে ডিগ্রি (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

২। আবেদন ফরম সংগ্রহ ঃ

রেজিস্ট্রেশন করতে ইচ্ছুক প্রার্থীগণ www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admission ওয়েবসাইটে প্রয়োজনীয় তথ্য সঠিক এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ডাউনলোড করতে পারবে। আবেদনের সময় প্রার্থীকে সঠিকভাবে কোর্স ও বিষয় নির্বাচন করে প্রার্থীর পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120×150 Pixels, Image type: JPG এবং maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি .... নম্বর সম্বলিত আবেদনফরম প্রিন্ট কর রেজিস্ট্রেশন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ০৫/০৭/২০১৭ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিয়ে রিসিভ কপি সংগ্রহ করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৩। রেজিস্ট্রেশনের আবেদন ফরম জমাদান ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions যথাযথভাবে ফরমপূরণ করে A4 (৮.৫" × ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে এর সিরিয়াল নম্বরসহ কলেজ ক্যাশ শাখা হতে রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড, কলেজ বুথ (বিজ্ঞান ভবন) এ নির্ধারিত ফি ১৫৯৫/- (এক হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা জমা করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ০১/০৬/২০১৭ তারিখ সকাল ১০:০০ টা থেকে শুরু করে ০৫/০৭/২০১৭ তারিখ দুপুর ১:০০ টার মধ্যে কলা ভবনের দ্বিতীয় তলার পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে অফিস চলাকালীন সময়ের মধ্যে জমা দিতে হবে।

ফেস হার ঃ

(ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন ৪৮৫/-
(খ) প্রাথমিক আবেদন ফি প্রতিজন ২৫০/-
(গ) ব্যবস্থাপনা ফি প্রতিজন ১০০/-
(ঘ) পরিবহন ফি প্রতিজন ৬০/-
(ঙ) আই.সি.টি ফি প্রতিজন ৫০/-
(চ) ইনকোর্স ফি ২০০/-
(ছ) অত্যাবশ্যকীয় কর্মচারি ফি ৩৫০/-
(জ) বিবিধ ফি প্রতিজন ১০০/-

মোট =১৫৯৫/- (এক হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা।

৪। যে সকল কাগজপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে ঃ

(ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে। উভয় ক্ষেত্রে নাম- ঠিকানা উল্লেখপূর্বক বড় খামে মূল সনদপত্র ও নম্বরপত্র জমা দিতে হবে।

(খ) কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠবিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(গ) সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর, সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি ছবি এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি জমা দিতে হবে। যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনিই ছবি সত্যায়িত করবেন।

(ঘ) সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীদেরকে তাদের চাকুরি ০২ (দুই) বছর পূর্ণ হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরিতে নিয়োগের তারিখ পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরিতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

(ঙ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

৫। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের বিনা অনুমতিতে প্রাইভেট পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

৬। কোন শিক্ষার্থী কারাগারে অবস্থানরত অবস্থায় রেজিস্ট্রেশনের আবেদন করার সুযোগ নেই।

৭। পাঠ্যক্রম পাঠ্যসূচি ঃ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।

৮। রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুলক্রটি অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। নিয়মাবলীতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

১০। আদালতে বিচারাধীন/দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলি পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

১১। ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন ব্যাংক ড্রাফট ও উল্লিখিত কাগজপত্রাদি গ্রহণ করা হবে না।

বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions এ ক্লিক করুন।

বিঃদ্রঃ আবেদনকারীকে আবেদন ফরম জমাদানের সময় টাকা জমা দানের রসিদের নম্বর ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করে রেজিস্টার খাতায় স্বাক্ষর করতে হবে।

০৭/০৩/২০১৯

অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ
দিনাজপুর